রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মে ৭, ২০২০**

**২য় খণ্ড**

## প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪২৬/০৫ ফেব্রুয়ারি ২০২০

**নং ০৯.০০.০০০০.০৭৩.১২.০০১.১৯-৪৬**—বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর স্মারক নং-৮০.০০.০০০০.১০৮.১২.০৪১.১৯-৪০, তারিখ : ০৩-০২-২০২০ খ্রিঃ মূলে সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪'-এর বিধি-৫ অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ০১ (এক) জন সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং ০১ (এক) জন অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-কে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য প্রশাসনিক কর্মকর্তা ০২ (দুই) টি স্থায়ী শূন্য পদে নিম্নবর্ণিত কর্মচারিদ্বয়কে অস্থায়ী ভিত্তিতে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | গ্রেডেশন ক্রম | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম | চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতনক্রম |
|---|---|---|---|---|
| ০১. | ০১ | জনাব নাছিমা খাতুন<br>সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | প্রশাসনিক কর্মকর্তা | ১০ম গ্রেড<br>১৬,০০০—৩৮,৬৪০ |
| ০২. | ০২ | জনাব মোঃ আবদুল কাদের ভূঁঞা<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা | |

২। উক্ত পদোন্নতি তাঁদের যোগদানের তারিখ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কার্যকর হবে:

(ক) 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেডেট কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর ৬ (১) (খ) বিধি মোতাবেক উক্ত কর্মচারিদ্বয় অস্থায়ী ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত 'প্রশাসনিক কর্মকর্তা' পদে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরও ০১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন;

(খ) শিক্ষানবিসের মেয়াদকালে তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পতোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে তাঁর/তাঁদেরকে পূর্বতন পদে প্রত্যাবর্তন (Revert) করাতে পারবেন।

(গ) সরকারের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;

(ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর/তাঁদের চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আল-আমিন**
সিনিয়র সহকারী সচিব।

**খাদ্য মন্ত্রণালয়**
**(সংস্থা প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৬/০৩ অক্টোবর ২০১৯

নং **১৩.০০.০০০০.০২২.৩৩.০১৬.৯১-৪৮৬**—খাদ্য অধিদপ্তরাধীন নিম্নোক্ত কর্মকর্তার অনুকূলে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৪ ও ৭ ধারা মতে পূর্ণ গড় বেতনে ০১ (এক) বৎসর অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

| কর্মকর্তার নাম, পদবী ও সর্বশেষ কর্মস্থল | এসএসসি/সমমানের সার্টিফিকেট অনুযায়ী জন্ম তারিখ | অবসর গ্রহণের তারিখ | অবসর উত্তর ছুটির মেয়াদকাল |
|---|---|---|---|
| জনাব শেখ জাকির হোসেন, প্রাক্তন পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। | ০১-১০-১৯৬০ খ্রিঃ | ৩০-০৯-২০১৯ খ্রিঃ | ০১-১০-২০১৯ খ্রিঃ হইতে ৩০-০৯-২০২০ খ্রিঃ |

২। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ ২(খ) অনুসারে অবসর উত্তর ছুটির (পিআরএল) অতিরিক্ত ছুটি পাওনা থাকায় তার অনুকূলে ১৮(আঠার) মাসের মূলে বেতনের সমপরিমাণ অর্থ লাম্প এমাউন্ট হিসেবে মঞ্জুরি (ছুটি নগদায়ন) জ্ঞাপন করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শারমিন ইয়াসমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**মাঠ প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬(অংশ-২).০৯**—ভূমি মন্ত্রণালয়ের ১১-১২-২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬ (অংশ). ৯৬২ নম্বর প্রজ্ঞাপনে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণকে জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ টাকা বেতনস্কেলে কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার পদে পদোন্নতি প্রদান করা হয়। উক্ত প্রজ্ঞাপনে নিম্নেবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের পদায়নের ক্ষেত্রে কিছু ভুল ভ্রান্তি সংঘটিত হয়। উক্ত ভুল ভ্রান্তি সংশোধনপূর্বক তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে পুনরায় পদায়ন করা হলো:

| ক্রমিক নং | গ্রেডেশন ক্রম | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রাপ্ত পদ | পূর্বে পদায়নকৃত কর্মস্থল | বর্তমানে পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | ২৩৭ | জনাব মোঃ আব্দুর রাজ্জাক সার্ভেয়ার, ঢাকা। | কানুনগো | উপজেলা ভূমি অফিস, নড়িয়া, শরীয়তপুর। | উপজেলা ভূমি অফিস, বাঘারপাড়া, যশোর। |
| ২ | ৪১৮ | জনাব মাসুদা আক্তার ডি/ম্যান-কাম-এ/ই-কাম-সিটকিপার, টাংগাইল। | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | উপজেলা সেটেলমেন্ট অফিস, মুজিবনগর, মেহেরপুর। | উপজেলা সেটেলমেন্ট অফিস, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ৩ | ৫৮৮ | জনাব মোহাম্মদ সেরাজুল ইসলাম সার্ভেয়ার, ভোলা। | কানুনগো | উপজেলা সেটেলমেন্ট অফিস, দিঘলিয়া, খুলনা। | উপজেলা ভূমি অফিস, হালুয়াঘাট, ময়মনসিংহ। |
| ৪ | ৬৩১ | জনাব মোঃ সোহেল মিয়াজী সার্ভেয়ার, মাদারীপুর। | কানুনগো | জেলা প্রশাসকের অফিস এল, এ শাখা, মাদারীপুর। | জেলা প্রশাসকের অফিস এল, এ শাখা, ময়মনসিংহ। |
| ৫ | ৬৬৪ | জনাব মোঃ বাবুল আক্তার সার্ভেয়ার, মানিকগঞ্জ। | কানুনগো | উপজেলা ভূমি অফিস কালিগঞ্জ, সাতক্ষীরা। | উপজেলা ভূমি অফিস, নান্দাইল, ময়মনসিংহ। |
| ৬ | ৭০৩ | জনাব মোঃ নজরুল ইসলাম সার্ভেয়ার, ভোলা। | কানুনগো | উপজেলা ভূমি অফিস, কলারোয়া, সাতক্ষীরা। | উপজেলা ভূমি অফিস, বারহাট্টা, নেত্রকোণা। |
| ৭ | ৭৭৫ | জনাব মোঃ আকরামুল ইসলাম সার্ভেয়ার, সিরাজগঞ্জ। | কানুনগো | উপজেলা ভূমি অফিস, দৌলতপুর, কুষ্টিয়া। | উপজেলা ভূমি অফিস, চৌগাছা, যশোর। |
| ৮ | ৮৩৪ | বেগম মনিরা বেগম ড্রাফটসম্যান, ঢাকা। | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | উপজেলা সেটেলমেন্ট অফিস, পটুয়াখালী সদর। | উপজেলা সেটেলমেন্ট অফিস, করিমগঞ্জ, কিশোরগঞ্জ। |
| ৯ | ৯৪৫ | জনাব মোঃ আওলাদ হোসেন ড্রাফটসম্যান, কাম-এরিয়া এস্টিমেটর কাম-সিট কিপার, সিলেট। | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | উপজেলা ভূমি অফিস, বগুড়া সদর। | উপজেলা সেটেলমেন্ট অফিস, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| ১০ | ১১০২ | জনাব মোঃ আবু ছালেম ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভোলা। | কানুনগো | উপজেলা ভূমি অফিস, মৌলভীবাজার সদর। | উপজেলা ভূমি অফিস, ঝিকরগাছা, যশোর। |

২। ভূমি মন্ত্রণালয়ের ১১-১২-২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬(অংশ).৯৬২ নম্বর প্রজ্ঞাপনে উল্লিখিত ক্রমিক নম্বর ৬২ (গ্রেডেশন নম্বর ২১০) এ বর্ণিত জনাব শ্যামল কৃষ্ণ মিস্ত্রি, ডি/ম্যান-কাম-এ/ই-কাম-সিট কিপার, যশোর এবং ক্রমিক নম্বর ৩৮৪ (গ্রেডেশন নম্বর ৯০৬) এ বর্ণিত জনাব দিলিপ চন্দ্র চৌধুরী, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কুমিল্লা ইতোমধ্যে স্বেচ্ছায় অবসরে যাওয়ায় তাদের পদোন্নতির আদেশ বাতিল করা হলো।

৩। ভূমি মন্ত্রণালয়ের ১১-১২-২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬(অংশ).৯৬২ নম্বর প্রজ্ঞাপনে উল্লিখিত ক্রমিক নম্বর ১৮৩ (গ্রেডেশন নম্বর ৪১৫) এ বর্ণিত জনাব মোঃ শাহাদৎ হোসেন, ডি/ম্যান-কাম-এ/ই-কাম-সিট কিপার, খুলনা-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান এবং ক্রমিক নম্বর ৪৭০ (গ্রেডেশন নম্বর ১০২৭) এ বর্ণিত জনাব মোঃ শফিকুল ইসলাম, কম্পিউটার, খুলনা বিভাগীয় মামলায় সাজাপ্রাপ্ত হওয়ায় তাদের পদোন্নতির আদেশ স্থগিত করা হলো।

৪। এই প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর ০১—১০ এ বর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের ১১-১২-২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬(অংশ).৯৬২ নম্বর প্রজ্ঞাপনে উল্লিখিত অন্যান্য শর্তাবলী বহাল থাকবে।

৫। অনতিবিলম্বে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণ নতুনভাবে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবে।

৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং উহা অবিলম্বে কার্যকর হবে।

নং **৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬(অংশ).০৮**—ভূমি মন্ত্রণালয়ের গত ১১-১২-২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১২.০২৯.১৬ (অংশ).৯৬২ নম্বর প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ টাকা বেতনস্কেলে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীকে কানুনগো পদে পদোন্নতি প্রদান করা হলো এবং নিম্নেবর্ণিত শর্তে তার নামের পার্শ্বে কর্মস্থলে পদায়ন করা হলো:

| ক্রমিক নং | গ্রেডেশন ক্রম | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | প্রাপ্ত পদ | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | ১১২০ | জনাব মোঃ মাহমুদুল হাসান<br>সার্ভেয়ার, এলএ শাখা, ঢাকা। | কানুনগো | উপজেলা ভূমি অফিস,<br>নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ |

২। মোঃ মাহমুদুল হাসান, সার্ভেয়ার, এল, এ শাখা, ঢাকা-এর পদোন্নতি এবং পদায়নের আদেশটি ২৬-১২-২০১৯ তারিখ হতে ভূতাপেক্ষভাবে কার্যকর হবে।

৩। ভূতাপেক্ষভাবে পদোন্নতি কার্যকর হওয়ার পরিপ্রেক্ষিতে তিনি কোন বকেয়া বেতন-ভাতাদি পাবেন না।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং উহা অবিলম্বে কার্যকর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাম্মাৎ মমতাজ বেগম**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ মাঘ ১৪২৬/০২ ফেব্রুয়ারি ২০২০

নং **৩৩.০০.০০০০.১২৬.০১.২১৯.২০২০-৭৫**—জনাব মোঃ সফিকুর রহমান, পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৪-০২-২০২০ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ০৫-০২-২০২০ তারিখ থেকে ০১ (এক) বছরের অবসর উত্তর-ছুটি (পি.আর.এল) এবং ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। কর্মকর্তা তাঁর নিকট রক্ষিত দায়িত্বভার জনাব মোঃ শামীম হায়দার, উপপরিচালক (চিংড়ি), মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর নিকট হস্তান্তর করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাফছা বেগম**
উপসচিব।

**তথ্য মন্ত্রণালয়**

**প্রেস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মাঘ ১৪২৬/৩০ জানুয়ারি ২০২০

নং **১৫.০০.০০০০.০২০.০৬.০০১.১২-৪৮**—তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১৫(১) এবং ১৭ ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি তথ্য কমিশনার (সিনিয়র সচিব পদমর্যাদায়) হিসেবে জনাব আবদুল মালেক কে নিয়োগ প্রদান করেছেন।

২। তথ্য কমিশনার হিসেবে জনাব আবদুল মালেক যোগদানের তারিখ থেকে উক্ত পদে অধিষ্ঠিত থাকাকালীন সময় পর্যন্ত সিনিয়র সচিব পদমর্যাদায় পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরিন পারভীন**

উপসচিব।

**বেতার-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ পৌষ ১৪২৬/০৯ জানুয়ারি ২০২০

নং **১৫.০০.০০০০.০২১.১৮.৮০৭.১২-৯৩**—কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকার স্টেশন প্রকৌশলী জনাব মোঃ বজলুর রহমান এর জন্ম তারিখ ২৫-০১-১৯৬১ খ্রিঃ। সে হিসেবে ২৪-০১-২০২০ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে। এমতাবস্থায়, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(ক) ধারা অনুযায়ী তাঁকে ২৪-০১-২০২০ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনুকূলে ২৫-০১-২০২০ হতে ২৪-০১-২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

২। জনাব মোঃ বজলুর রহমান এর অনুকূলে জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ১০(২)(খ) উপ-অনুচ্ছেদ মোতাবেক ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৫৬,০৩০×১৮)= ১০,০৮,৫৪০ (দশ লক্ষ আট হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র লাম্প গ্র্যান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ঈশান আলী রাজা বাঙালী**

উপসচিব।

**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ মাঘ ১৪২৬/০২ ফেব্রুয়ারি ২০২০

নং **১৫.০০.০০০০.০২৫.১৯.০১১.১৬-২৬**—বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও দপ্তরে বদলি/পদায়ন করা হলোঃ

জনাব এ এম ইমদাদুল ইসলাম, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, বরগুনা—তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রাজ্জাক**

উপসচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**

**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**ডাক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ মাঘ ১৪২৬/৩০ জানুয়ারি ২০২০

নং **১৪.০০.০০০০.০০৬.১২.০০৩.১৯-২৮**—বিসিএস (ডাক) ক্যাডারভুক্ত ডাক অধিদপ্তরের নিম্নোক্ত কর্মচারীগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে উল্লিখিত পদে বদলি/পদায়ন করা হলোঃ

১ জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (স্ট্যাম্পস), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (পরিকল্পনা), ডাক অধিদপ্তর, ঢাকা।

২ জনাব অসীত কুমার শীল, পরিচালক (সদ্য পদোন্নতিপ্রাপ্ত), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (বেতন ও ভাতা), ডাক অধিদপ্তর, ঢাকা।

৩ জনাব মোঃ ছালেহ আহাম্মদ, পরিচালক (সদ্য পদোন্নতিপ্রাপ্ত), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (কর্মী ও সংস্থাপন), ডাক অধিদপ্তর, ঢাকা।

৪ জনাব এস এম হারুনুর রশীদ, পরিচালক (সদ্য পদোন্নতিপ্রাপ্ত), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (ডাক), ডাক অধিদপ্তর, ঢাকা।

৫ জনাব মোঃ আলতাফুর রহমান, পরিচালক (সদ্য পদোন্নতিপ্রাপ্ত), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (স্ট্যাম্পস), ডাক অধিদপ্তর, ঢাকা।

৬ জনাব মুহঃ জহুরুল আলম, পরিচালক (সদ্য পদোন্নতিপ্রাপ্ত), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (আন্তর্জাতিক ডাক সার্ভিস), ডাক অধিদপ্তর, ঢাকা।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাজ্জাদ হোসেন**

উপসচিব।